

RBI/2004/42

DBOD No. BP. BC 66 / 21.04.117/2003-2004

ফেব্রুয়ারি ০৫, ২০০৪

প্রতি

সকল সরকারী ব্যাংকের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর

মাননীয় মহাশয়,

**সরকারী ক্ষেত্রের ব্যাংকগুলিতে Rs 10 কোটি পর্যন্ত দীর্ঘকালস্থায়ী অলাভজনক সম্পদের নিষ্পত্তিকরণের জন্য  
সংশোধিত নীতি সম্পর্কিত নির্দেশাবলী**

৩১ শে অক্টোবর ২০০৩ থেকে ৩১ শে ডিসেম্বর ২০০৩ পর্যন্ত Rs. 10 কোটি টাকার অলাভজনক সম্পদের নিষ্পত্তিকরণের জন্য প্রেরিত আবেদনপত্রের প্রক্রিয়াকরণের ক্ষেত্রে সময়সীমা বাড়ানোর উদ্দেশ্যে অনুগ্রহপূর্বক আমাদের বিজ্ঞপ্তি DBOD No. BP.BC. 108/ 21.04.117 / 2002-2003 তারিখ মে ২৩, ২০০৩-র কথা উল্লেখ করুন।

২। নীতি সম্পর্কিত নির্দেশাবলীর কর্মকান্ডের বিষয়ে সময়সীমা বাড়ানোর জন্য গৃহীত অনুরোধের পরিপ্রেক্ষিতে এটা স্থির হয়েছে যে, ভারত সরকারের সঙ্গে আলোচনাসাপেক্ষে, সরকারী ক্ষেত্রের ব্যাংকগুলিতে ১০ কোটি টাকা পর্যন্ত দীর্ঘকালস্থায়ী অকর্মক্ষম সম্পদের এককালীন নিষ্পত্তিকরণের আবেদন ৩১ শে জুলাই ২০০৪ অবধি গ্রহন করা হবে। পাশাপাশি, ৩১ শে জুলাই ২০০৪ অবধি গ্রহন করা আবেদনপত্র পর্যালোচনার কাজও ৩১ শে অক্টোবর ২০০৪ অবধি বাড়ানো হল।

৩। অনুগ্রহপূর্বক প্রাপ্তিস্বীকার করবেন।

ইতি ভবদীয়

**স্বাক্ষর**

(সি. আর. মুরগলিধরন)

চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ